

## সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নম্বরঃ ২১৯

২/ সালাত (নামায) (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ একা সালাত আদায়ের পর যদি কেউ জামা'আত পায়।

### باب مَا جَاءَ فِي الرَّجُلِ يُصَلِّي وَحْدَهُ ثُمَّ يُدْرِكُ الْجَمَاعَةَ

আরবী

حَدَّثَنَا أَحْمَدُ بْنُ مَنِيعٍ، حَدَّثَنَا هُشَيْمٌ، أَخْبَرَنَا يَعْلَى بْنُ عَطَاءٍ، حَدَّثَنَا جَابِرُ بْنُ يَزِيدَ بْنِ الْأَسْوَدِ الْعَامِرِيُّ، عَنْ أَبِيهِ، قَالَ شَهِدْتُ مَعَ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ حَجَّتَهُ فَصَلَّيْتُ مَعَهُ صَلَاةَ الصُّبْحِ فِي مَسْجِدِ الْخَيْفِ . قَالَ فَلَمَّا قَضَى صَلَاتَهُ وَانْحَرَفَ إِذَا هُوَ بِرَجُلَيْنِ فِي أُخْرَى الْقَوْمِ لَمْ يُصَلِّيَا مَعَهُ فَقَالَ " عَلَىٰ بِهِمَا " . فَجِيءَ بِهِمَا تُرْعَدُ فَرَأَيْتُهُمَا فَقَالَ " مَا مَنَعَكُمَا أَنْ تُصَلِّيَا مَعَنَا " . فَقَالَا يَا رَسُولَ اللَّهِ إِنَّا كُنَّا قَدْ صَلَّيْنَا فِي رِحَالِنَا . قَالَ فَلَا تَفْعَلَا إِذَا صَلَّيْتُمَا فِي رِحَالِكُمَا ثُمَّ أَتَيْتُمَا مَسْجِدَ جَمَاعَةٍ فَصَلِّيَا مَعَهُمْ فَإِنَّهَا لَكُمْ نَافِلَةٌ " . قَالَ وَفِي الْبَابِ عَنْ مِجْنِ الدَّيْلِيِّ وَيَزِيدَ بْنِ عَامِرٍ . قَالَ أَبُو عِيسَى حَدِيثُ يَزِيدَ بْنِ الْأَسْوَدِ حَدِيثٌ حَسَنٌ صَحِيحٌ . وَهُوَ قَوْلٌ غَيْرُ وَاحِدٍ مِنْ أَهْلِ الْعِلْمِ وَبِهِ يَقُولُ سُفْيَانُ الثَّوْرِيُّ وَالشَّافِعِيُّ وَأَحْمَدُ وَإِسْحَاقُ قَالُوا إِذَا صَلَّى الرَّجُلُ وَحْدَهُ ثُمَّ أَدْرَكَ الْجَمَاعَةَ فَإِنَّهُ يُعِيدُ الصَّلَاةَ كُلَّهَا فِي الْجَمَاعَةِ وَإِذَا صَلَّى الرَّجُلُ الْمَغْرِبَ وَحْدَهُ ثُمَّ أَدْرَكَ الْجَمَاعَةَ قَالُوا فَإِنَّهُ يُصَلِّيُهَا مَعَهُمْ وَيَشْفَعُ بِرُكْعَةٍ . وَالتِّي صَلَّى وَحْدَهُ هِيَ الْمَكْتُوبَةُ عَنْدهُمْ .

বাংলা

২১৯. আহমদ ইবনু মানী (রহঃ) ..... ইযাযীদ ইবনুল আসওয়াদ রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণনা করেন যে, তিনি বলেন রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর সঙ্গে আমি হজ্জে হাযির ছিলাম। তাঁর সঙ্গে মসজিদে খায়ফে ফজরের সালাত আদায় করলাম। সালাত শেষে তিনি যখন ফিরলেন তখন শেষ প্রান্তে দুই ব্যক্তিকে দেখতে পেলেন। এরা তাঁর সঙ্গে সালাত আদায় করেনি। তিনি বললেন এদেরকে আমার কাছে নিয়ে এস। তাদের নিয়ে আসা হল। তখন ভয়ে তাঁদের ঘাড়ের রগ পর্যন্ত কাঁপছিল। তিনি তাদের বললেন আমাদের সঙ্গে সালাত আদায় করতে তোমাদের কিসে বাধা দিল? তাঁরা বলল হে আল্লাহর রাসূল আমরা আমাদের অবস্থান স্থলে সালাত পড়ে নিয়েছিলাম। তিনি বললেন এরূপ করবে না। যদি তোমাদের অবস্থান স্থলে সালাত পড়ে মসজিদে জামা'আতে

আস তবে তাদের সঙ্গে জামাআতে শরীক হয়ে যেও। তোমাদের জন্য তা নফল হিসেবে গণ্য হবে। - মিশকাত ১১৫২, সহিহ আবু দাউদ ৫৯০, তিরমিজী হাদিস নম্বরঃ ২১৯ [আল মাদানী প্রকাশনী]

এই বিষয়ে মিহজান আদ-দীলী ও ইয়াযীদ ইবনু আমির রাদিয়াল্লাহু আনহু থেকে হাদিস বর্ণিত আছে। ইমাম আবু ঈসা তিরমিজী (রহঃ) বলেনঃ ইয়াযীদ ইবনুল আসওয়াদ রাদিয়াল্লাহু আনহু বর্ণিত হাদিসটি হাসান -সহীহ। একাধিক আলিম এই অভিমত দিয়েছেন। সূফইয়ান ছাওরী, শাফিঈ, আহমদ ও ইসহাক (রহঃ) ও এই অভিমত ব্যক্তি করেছেন। তাঁরা বলেন কেউ যদি এক সালাত আদায় করে পরে জামাআত পায় তবে সকল সালাতই জামাআতের সাথে পূর্ণবার আদায় করবে। কেউ যদি এক মাগরিবের সালাত আদায় করার পর আমাআত পায় তাঁর সম্পর্কে তাঁরা বলেন তা-ও জামাআতের সঙ্গে আদায় করবে এবং শেষে এক রাকআত মিলিয়ে তা জোড় বানিয়ে নিবে। যে সালাত সে একা পড়েছে তাদের তবে তা ফরয বলে গণ্য হবে।

## English

Jabir bin Yazid bin Al-Aswad [Al-Amir] narrated that his father said: "I attended Hajj with the Prophet. I prayed the Subh (Fajr) prayer with him in Masjid Al-Khaif." He said: "When the Prophet finished, he turned (from the Qiblah) and saw two men at the back of the people who had not prayed with him. He said, 'Bring them to me.' So I brought them while they were shuddering with fear. He said: 'What prevented you from praying with us?' They said: 'O Messenger of Allah!' We prayed at our camp.' So he said: 'Do not do that; when you pray in your camp then you come to a Masjid with a congregation, then pray with them. That will be a voluntary prayer for you.'"

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন □ বর্ণনাকারীঃ ইয়াযিদ বিন আসওয়াদ (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=17408>

📖 হাদিসবিভিন্ন প্রজেক্টে অনুদান দিন